



ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ

DIPLOMA KRISHIBID INSTITUTION, BANGLADESH

ময়মনসিংহ জেলা শাখা কার্যালয়, মালগুদাম রোড, ময়মনসিংহ।

স্মারক- ১০৯

তারিখ : ২৪/০৮/২০১৯ খ্রিঃ

বিবৃতি

গত ১৯/০৮/২০১৯ খ্রিঃ তারিখে স্মারক নং- ১৯৫, ডিকেআই,বি কেন্দ্রীয় কমিটির সভাপতি মহোদয় কর্তৃক স্বাক্ষরিত পত্রে গঠনতন্ত্র বিরোধী ও অসাংগঠনিক কর্মকাণ্ডে জড়িত থাকার দায়ে জনাব এ এইচ এম জামাল উদ্দিন সাহেবকে ডিকেআই,বি ময়মনসিংহ জেলা শাখার সভাপতি পদ হতে সাময়িক ভাবে বরখাস্ত করা হয়েছে। উক্ত ঘটনাকে কেন্দ্র করে বিগত ২৪/০৮/২০১৯ খ্রিঃ তারিখ বিকাল ৬.০০ ঘটিকায় শহরের মালগুদাম রোডস্থ অত্র ডিকেআই,বি ভবনের সামনে অত্র জেলার কর্মরত কিছু সংখ্যক ডিপ্লোমা কৃষিবিদগণ জনাব এ এইচ এম জামাল উদ্দিনের নেতৃত্বে স্বল্প সময়ের মানব বন্ধন ও বিক্ষোভ সমাবেশ এর নামে বিধি বহির্ভূত তথা অসাংবিধানিক ভাবে কেন্দ্রীয় নেতৃবর্গের বিরুদ্ধে অশ্লীল অশ্রাব্য ভাষায় বক্তব্য প্রদান করেন। যাহা আপত্তিজনক ও কুরুচিপূর্ণ। আমরা এহেন ঘটনার তীব্র নিন্দা জ্ঞাপন ও ক্ষোভ প্রকাশ করছি। সেই সাথে ডিকেআই,বি ময়মনসিংহ জেলার সকল সদস্যগণকে সাংবিধানিক শৃঙ্খলা বজায় রেখে পেশাগত দায়িত্ব পালনের পাশাপাশি সাংগঠনিক ভাবে ঐক্যবদ্ধ থাকার জন্য বিনীত অনুরোধ করছি।

H. C. M. S.
২৪/০৮/১৯

হারুল রশিদ তালুকদার
ভারপ্রাপ্ত সভাপতি
ডিকেআই,বি
ময়মনসিংহ জেলা শাখা।

ধন্যবাদান্তে

২৪/০৮/২০১৯

রেজাউল আমিন ফারুক
সাধারণ সম্পাদক
ডিকেআই,বি
ময়মনসিংহ জেলা শাখা।